# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৮৫

১/ বিবিধ

আরবী

ارفع إلى السماء، وسل الله السعة

ضعيف

رواه الطبراني (رقم - 3842) : حدثنا أحمد بن عمرو الخلال المكي: نا يعقوب بن حميد: نا عبد الله بن عبد الله الأموي: حدثني اليسع بن المغيرة عن أبيه عن خالد بن الوليد أنه شكى إلى رسول الله صلى الله عليه وسلم الضيق في مسكنه، فقال: فذكره

ثم رواه (رقم - 3843) بهذا السند عن ابن حميد: نا عبد الله بن الحارث عن الربيع بن سعيد عن اليسع بن المغيرة عن خالد بن الوليد مثله

قلت: وهذا إسناد ضعيف من الوجهين فإن مدارهما على اليسع بن المغيرة وهو لين الحديث كما في " التقريب

ومثله الراوي عنه في الطريق الأولى عبد الله بن عبد الله الأموي

وفي الطريق الأخرى الربيع بن سعيد وهو النوفلي أورده ابن أبي حاتم (1/2/462

ولم يذكر فيه جرحا ولا تعديلا

ويعقوب بن حميد ثقة، لكن في حفظه ضعف يسير، فيحتمل أن روايته الحديث بالطريقين مما لم يضبطه، فاضطرب فيه. والله تعالى أعلم.

وقد روي الحديث مرسلا عن اليسع بن المغيرة قال

شكا خالد بن الوليد إلى رسول الله صلى الله عليه وسلم ضيق منزله، فقال:

" اتسع في السماء
رواه أبو داود في " المراسيل " (ص 52) ولم نقف على سنده، لأنه محذوف من النسخة ككل أحاديثها، لكن الظاهر أنه من طريق الربيع المذكور كما يشير إلى ذلك قول ابن أبي حاتم في ترجمته
" روى عن اليسع بن المغيرة بن عبد الرحمن بن الحارث بن هشام، روى عنه عبد الله
ابن الحارث المخزومي، مرسل
ثم تأكدت مما استظهرت، فالحديث في نسخة مصورة من " المراسيل " (ق 26/1)
والحديث أورده السيوطي في " الجامع الكبير " (1/93/2) بلفظ
" ارفع البنيان إلى السماء، واسألوا الله السعة " وقال
" رواه الطبراني في " الكبير " والخطيب وابن عساكر عن اليسع بن مغيرة به وقال
" قال الخطيب: في اليسع نظر
وأورده في " الجامع الصغير " باللفظ الذي نقلته عن الطبراني إلا أنه زاد فيه لفظة: " البنيان " وليست عنده
ومما سبق من التحقيق تعلم أن قول الهيثمي (10/169) : رواه الطبراني بإسنادين أحدهما حسن "؛ ليس بحسن. وقلده الغماري في
الإتقان " (127) ! ومثله قول المناوي عقب ذلك
" وبه تعرف أن رمز المصنف لضعفه غير سديد
فإن رمز السيوطي لضعفه هو بلا شك عمل رشيد، وتعقب المناوي عليه هو الأحق بقوله: " غير سديد " سيما وقد أتبعه بقوله
" نعم، قال العراقي: في سنده لين. وكأن كلامه في الطريق الثاني
قلت: بل هو في الطريقين معا فإن مدارهما على اليسع وهو ليس الحديث كما سبق بيانه

বাংলা

১১৮৫। তুমি আকাশের দিকে উঁচু কর আর আল্লাহর নিকট প্রশস্ততার জন্য প্রার্থনা কর।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ত্ববারানী (নং ৩৮৪২) আহমাদ ইবনু আমর খাল্লাল মাক্কী হতে, তিনি ইয়াকুব ইবনু হুমায়েদ হতে, তিনি আব্দুল্লাহ ইবনু আবদিল্লাহ উমাবী হতে, তিনি আল ইয়াসা’ ইবনুল মুগীরাহ হতে, তিনি তার পিতা হতে, তিনি খালিদ ইবনু ওয়ালীদ হতে বর্ণনা করেছেন। তিনি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট তার গৃহ সংকীর্ণ হওয়ার ব্যাপারে অভিযোগ উপস্থাপন করলে তিনি তাকে উক্ত কথা বলেন।

ত্ববারানী (৩৮৪৩) নম্বরেও হাদীসটিকে অন্য সনদে ... আব্দুল্লাহ ইবনুল হারেস হতে; তিনি রাবী’ ইবনু সাঈদ হতে, তিনি আল-ইয়াসা ইবনুল মুগীরাহ হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এর সনদটি দুর্বল, কারণ এর সনদের বর্ণনাকারী ইবনুল মুগীরাহ হাদীস বর্ণনার হাদীস বর্ণনার ক্ষেত্রে দুর্বল যেমনটি "আত-তাকরীব" গ্রন্থে এসেছে।

অনুরূপভাবে প্রথম সূত্রে তার থেকে বর্ণনাকারী আব্দুল্লাহ ইবনু আবদিল্লাহ উমাবীও তার ন্যায়।

আর দ্বিতীয় সূত্রে রাবী’ ইবনু সাঈদ নাওফালীকে ইবনু আবী হাতিম (১/২/৪৬২) উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি।

বর্ণনাকারী ইয়াকুব ইবনু হুমায়েদ নির্ভরযোগ্য কিন্তু তার হেফয শক্তিতে অল্প পরিমাণ দুর্বলতা রয়েছে। হতে পারে উভয় সূত্রে তার থেকে বর্ণিত হাদীসকে তিনি সঠিকভাবে মুখস্থ রাখতে পারেননি।

হাদীসটিকে ইয়াসা ইবনুল মুগীরাহ হতে মুরসাল হিসেবেও বর্ণনা করা হয়েছে।

এটিকে আবু দাউদ “আল-মারাসীল” গ্রন্থে (ফটো কপি- কাফ ১/২৬) উল্লেখ করেছেন।

হাদীসটিকে সুয়ূতী "আল-জামেউল কাবীর” গ্রন্থে (১/৯৩/২) নিম্নের ভাষায় উল্লেখ করেছেনঃ "ভিতকে আসমানের দিকে উঁচু কর আর আল্লাহ্‌র নিকট প্রশস্ত তার জন্য প্রার্থনা কর।" অতঃপর সুয়ূতী বলেনঃ হাদীসটি ত্ববারানী “আল-মুজামুল কাবীর” গ্রন্থে এবং খাতীব ও ইবনু আসাকির আল-ইয়াসা ইবনুল মুগীরাহ হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আল-খাতীব বলেনঃ ইয়াসা’র ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে।

হায়সামী হাদীসটি (১০/১৬৯) উল্লেখ করে যে বলেছেনঃ ত্ববারানী হাদীসটি দু’টি সূত্রে বর্ণনা করেছেন যার একটি সূত্র হাসান। তার এ কথা বলাটা ভাল হয়নি। গুমারী “আল-ইতকান” গ্রন্থে (১২৭) তার অন্ধ অনুসরণ করেছেন। অনুরূপভাবে মানবী যে কথা বলেছেন তাও সঠিক নয়। কারণ সুয়ূতী যে হাদীসটিকে দুর্বল আখ্যা দিয়েছেন নিঃসন্দেহে তাই সঠিক। কারণ হাফিয ইরাকীও বলেছেনঃ তার সনদে দুর্বল বর্ণনাকারী রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72064

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন